

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৩৩৯৬

২৭/ আদব

পরিচ্ছেদঃ সুবাস ও সুগন্ধি

আরবী

বাংলা

(৩৩৯৬) আবু হুরাইরা (রাঃ) একদা চাশ্তের সময় মসজিদ থেকে বের হলেন। দেখলেন, একটি মহিলা মসজিদ প্রবেশে উদ্যত। তার দেহ বা লেবাস থেকে উৎকৃষ্ট সুগন্ধির সুবাস ছড়াচ্ছিল।

فَقَالَ لَهَا أَبُو هُرَيْرَةَ : عَلَيْكِ السَّلاَمُ قَالَتْ : وَعَلَيْكَ قَالَ : فَأَيْنَ تُرِيدِينَ؟ قَالَت : الْمَسْجِدَ قَالَ فَلأَى ّ شَيْءٍ تَطَيَّبْتِ بِهَذَا الطِّيبِ قَالَتْ لِلْمَسْجِدِ قَالَ : اللهِ قَالَتْ : اللهِ قَالَ اللهِ قَالَتْ اللهِ قَالَ فَإِنَّ حِبِّى أَبَا الْقَاسِمِ وَ اللهِ قَالَ أَنْهُ لاَ يُهَذَا الطِّيبِ قَالَتْ لِلْمَسْجِدِ قَالَ : اللهِ قَالَتْ : اللهِ قَالَ اللهِ قَالَتْ اللهِ قَالَ قَالَ فَا اللهِ قَالَ اللهِ قَالَتْ اللهِ قَالَ اللهِ قَالَ فَا فَيْ اللهِ قَالَ اللهِ قَالَ هُو اللهِ قَالَ : اللهِ قَالَتْ وَوْجِهَا حَتَّى تَعْتَسِلَ مِنْهُ غُسْلَهَا مِنَ الْجَنَابَةِ فَاذْهَبِي فَاغْتَسِلِى مِنْهُ ثُمَّ الرَّجِعِي فَصَلَقًى اللهِ قَالَ اللهِ قَالَ عَلْمَالُهُا مِنَ الْجَنَابَةِ فَاذْهَبِي فَاغْتَسِلِى مِنْهُ ثُمَّ اللهِ قَالَ قَالَ اللهِ قَالَ اللهِ قَالَ اللهِ قَالَ عَلْمَ اللهِ قَالَ اللهِ قَالَ قَالَ اللهِ قَالَ اللهِ قَالَ قَالَ اللهِ قَالَ قَالَ اللهِ قَالَ قَالَ اللهِ قَالَ اللهِ قَالَ قَالَ اللهِ قَالَ اللهِ قَالَ قَالَ اللهِ قَالَ قَالَ اللهِ قَالَ اللهِ قَالَ اللهِ قَالَ اللهِ قَالَ قَالَ اللهِ قَالَ اللهِ قَالَ قَالَ اللهِ قَالَ قَالَ اللهِ قَالَ اللهِ قَالَ اللهِ قَالَ اللهِ قَالَ اللهِ قَاللهِ قَالَ اللهِ قَاللهِ قَالَ اللهِ قَالَ اللهِ قَالَ اللهِ قَالَ اللهِ قَالَ اللهِ قَالَ اللهِ قُلْمُ اللهِ قَالَ اللهِ قَالَ اللهِ قَالَ اللهِ قَالْ اللهِ قَالَ اللهِ قَالَ اللهِ قَالَ اللهِ اللهِ قَالَ الْعَلْمَ اللهِ قُلْلُ اللهِ اللهِلْمُ اللهِ اللهِ اللهِ اللهِ اللهِ اللهِ اللهِ اللهِ اللهِ اللهِلمُ اللهِ اللهِ اللهِ اللهِ اللهِ اللهِ اللهِ اللهُ اللهِ اللهِ ا

আবৃ হুরাইরা মহিলাটির উদ্দেশে বললেন, 'আলাইকিস্ সালাম।' মহিলাটি সালামের উত্তর দিল। তিনি তাকে প্রশ্ন করলেন, 'কোথায় যাবে তুমি?' সে বলল, 'মসজিদে।' বললেন, 'কি জন্য এমন সুন্দর সুগন্ধি মেখেছ তুমি?' বলল, 'মসজিদের জন্য।' বললেন, 'আল্লাহর কসম?' বলল, 'আল্লাহর কসম।' পুনরায় বললেন, 'আল্লাহর কসম?' বলল, 'আল্লাহর কসম।' তখন তিনি বললেন, 'তবে শোন, আমাকে আমার প্রিয়তম আবুল কাসেম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন যে, ''সেই মহিলার কোন নামায কবুল হয় না, যে তার স্বামী ছাড়া অন্য কারোর জন্য সুগন্ধি ব্যবহার করে; যতক্ষণ না সে নাপাকীর গোসল করার মত গোসল করে নেয়।'' অতএব তুমি ফিরে যাও, গোসল করে সুগন্ধি ধুয়ে ফেল। তারপর ফিরে এসে নামায পড়ো।'

ফুটনোট

(আবূ দাউদ, নাসাঈ, ইবনে মাজাহ, বাইহাকী ৫৫৮২, সিলসিলাহ সহীহাহ ১০৩১)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন